আপডেটের তারিখ 28 মার্চ, 2024

গোপনীয়তা বিবৃতি

এই গোপনীয়তা বিবৃতিটি বর্ণনা করে যে কীভাবে WD-40 কোম্পানি (WD-40 Company) এবং এর সম্পর্কযুক্ত সংগঠন (সম্মিলিতভাবে "**WD-40**," "**আমরা**," এবং "**আমাদের**") আমাদের সংগ্রহ করা ব্যক্তিগত তথ্য সংগ্রহ, ব্যবহার এবং প্রকাশ করে, যখন আপনি আমাদের ওয়েবসাইট বা মোবাইল অ্যাপ্লিকেশন (প্রতিটি একটি "**সাইট**" এবং সম্মিলিতভাবে "**সাইটগুলি**") ভিজিট করেন বা ব্যবহার করেন, আমাদের গ্রাহক পরিষেবা টিমের সাথে যোগাযোগ করেন, সোশ্যাল মিডিয়াতে আমাদের সাথে জড়িত হন, আমাদের সুইপস্টেক বা প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন অথবা অন্যথায় আমাদের সাথে বার্তালাপ করেন (সম্মিলিতভাবে, আমাদের "**পরিষেবা**")। আমাদের সাইট এবং পরিষেবাগুলি ব্যবহার করে, আপনি এই গোপনীয়তা বিবৃতি অনুসারে আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ, ব্যবহার এবং প্রকাশে সম্মতি দেন।

এই গোপনীয়তা বিবৃতিটির একটি অনুলিপি ডাউনলোড করতে এখানে ক্লিক করুন।

এই গোপনীয়তা বিবৃতিটি চাকরির আবেদনকারীদের, বর্তমান এবং প্রাক্তন কর্মচারীদের এবং যেখানে প্রযোজ্য, বর্তমান এবং প্রাক্তন কর্মী ও ঠিকাদার যারা আমাদের পরিষেবা প্রদান করে তাদের কাছ থেকে কর্মসংস্থান সংক্রান্ত পাওয়া তথ্যের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

এই গোপনীয়তা বিবৃতিটি ইংরেজি ভাষায় ইস্যু করা হয় এবং সংশ্লিষ্ট স্থানীয় ভাষায় অনুবাদ করা হয় যেখানে প্রযোজ্য স্থানীয় ডেটা সুরক্ষা আইনের ক্ষেত্রে এমনটার প্রয়োজন হয়। এই গোপনীয়তা বিবৃতিটির ইংরেজি সংস্করণ এবং এর যেকোনও অনুবাদের মধ্যে কোনও অমিল বা অসঙ্গতি থাকলে, ইংরেজি সংস্করণটি প্রাধান্য পাবে।

বিষয়সূচি

1. আমাদের সংগৃহীত তথ্য
2. আমরা কীভাবে আপনার তথ্য ব্যবহার করি
3. তথ্য শেয়ার ও প্রকাশ করা
4. বিপণন সংক্রান্ত যোগাযোগ
5. নিরাপত্তা
6. কুকিজ, বিশ্লেষণ এবং অন্যান্য ট্র্যাকিং প্রযুক্তি
7. অন্যান্য ওয়েবসাইটের লিঙ্ক
8. তথ্য ধরে রাখা
9. শিশু
10. আপনার তথ্য কীভাবে আপডেট করবেন
11. আমাদের সাথে যোগাযোগ করুন
12. এই গোপনীয়তা বিবৃতিতে হওয়া পরিবর্তন
13. দেশ/অঞ্চল/রাজ্য দ্বারা নির্দিষ্ট বিধান

1. আমাদের সংগৃহীত তথ্য

আমাদের সাথে আপনার পারস্পরিক ক্রিয়ার উপর নির্ভর করে আমরা বিভিন্ন শ্রেণীর ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি। ব্যক্তিগত তথ্যের মূল শ্রেণী এবং প্রকারগুলি যা আমরা সংগ্রহ করতে পারি এবং প্রক্রিয়া করতে পারি, তা নীচে উল্লেখ করা হল।

- **যোগাযোগের তথ্য**: আপনি যখন আমাদের সাইটগুলিতে অ্যাকাউন্ট তৈরি করেন, আমাদের নিউজলেটার বা মেইলিং তালিকার জন্য সাইন আপ করেন, কোনও প্রতিযোগিতায় প্রবেশ করেন, কোনও প্রোমোশন রিডিম করেন, বা একটি সুইপস্টেকে প্রবেশ করেন, অথবা অন্যথায় আমাদের সাথে যোগাযোগ বা বার্তালাপ করেন, তখন আমরা আপনার নাম, পদবি, ইমেল অ্যাড্রেস, ডাকঠিকানা, টেলিফোন নম্বর, জন্মতারিখ, পেশা এবং শখ সংক্রান্ত তথ্য সংগ্রহ করতে পারি।

- **শনাক্তকরণের তথ্য**: আপনি যখন আমাদের সাইটগুলিতে ভিজিট করেন, আমরা প্রমাণীকরণ এবং অ্যাক্সেসের জন্য আপনার IP অ্যাড্রেস, ইউজারনেম, অ্যাকাউন্ট নম্বর, পাসওয়ার্ড এবং নিরাপত্তা সংক্রান্ত অন্যান্য তথ্য সংগ্রহ করতে পারি।

- **ভৌগলিক অবস্থান সংক্রান্ত ডেটা**: আপনি যখন আমাদের সাইটগুলিতে ভিজিট করেন, আমরা সাধারণ অঞ্চল বা এলাকা সংক্রান্ত তথ্য সংগ্রহ করতে পারি, যেখান থেকে আপনি আমাদের সাইটে অ্যাক্সেস করেন।

- **ব্যবহার সংক্রান্ত ডেটা:** আপনি যখন আমাদের সাইটগুলিতে ভিজিট করেন, আমরা ব্রাউজিং এবং ক্লিক হিস্ট্রি, ডিভাইসের প্রকার, অপারেটিং সিস্টেম, ব্রাউজার সেটিংস, IP অ্যাড্রেস, ভাষা সেটিংস সহ আপনার ইন্টারনেট বা অন্যান্য ইলেকট্রনিক কার্যকলাপ সম্পর্কিত ডেটা এবং আপনি কীভাবে সাইট, অন্যান্য ওয়েবসাইট এবং ইন্টারনেট নেভিগেট করেন সে সংক্রান্ত তথ্য সহ সাইট ব্যবহারমূলক ডেটা সংগ্রহ করতে পারি।

- **সোশ্যাল মিডিয়া প্রোফাইল:** আপনি যখন বিভিন্ন সোশ্যাল মিডিয়া নেটওয়ার্কের মাধ্যমে আমাদের বা আমাদের সাইটগুলির সাথে সংযোগ করেন, যেমন যেমন আপনি যখন Facebook-এ আমাদের লাইক করেন অথবা যখন আপনি Facebook, Twitter, Snapchat, LinkedIn, Instagram বা অন্যান্য সাইটে আমাদের ফলো করেন বা আমাদের কনটেন্ট শেয়ার করেন, তখন আমরা সেই সোশ্যাল নেটওয়ার্কগুলি থেকে তথ্য পেতে পারি, যার মধ্যে আপনার প্রোফাইলের তথ্য, আপনার সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টের সাথে যুক্ত ইউজার ID এবং আপনি সোশ্যাল নেটওয়ার্ককে তৃতীয় পক্ষের সাথে শেয়ার করার অনুমতি দিয়েছেন, এমন যেকোনও অন্য তথ্য অন্তর্ভুক্ত।

- **ইউজারের তৈরি করা কনটেন্ট**: আপনি যখন আমাদের সাথে সরাসরি যোগাযোগ করেন, যেমন, ইমেল, ফোন, ডাকযোগে বা একটি অনলাইন ফর্ম পূরণ করে বা একটি অনলাইন চ্যাটে অংশগ্রহণ করে, তখন আমরা আপনার মন্তব্য এবং মতামত রেকর্ড করব। সমীক্ষায় সাড়া দেওয়ার সময়, সুইপস্টেকে প্রবেশ করার সময় বা আমাদের চালানো প্রোমোশনগুলিতে অংশ নেওয়ার সময় আপনি যে মন্তব্য এবং মতামত প্রকাশ করেন, তাও আমরা রেকর্ড করব।

- **অডিও/ভিজ্যুয়াল ডেটা**: আপনি যখন আমাদের অফিস বা ইভেন্ট বুথগুলির কোনও একটিতে যান, আমাদের প্রোমোষোণ বা প্রতিযোগিতাগুলির কোনও একটিতে অংশগ্রহণ করেন, অথবা আমাদের কাছে ফটো

বা ভিডিও জমা দেন, তখন আমরা ভিডিও, ফটোগ্রাফ বা অডিও রেকর্ডিং সহ অডিও, ইলেকট্রনিক, ফটোগ্রাফিক, ভিজ্যুয়াল বা অনুরূপ ডেটা সংগ্রহ করতে পারি।

- **বাণিজ্যিক তথ্য**: আপনি যখন আমাদের পণ্যগুলি সম্পর্কে অনুসন্ধান করেন বা আপনার কেনা পণ্যগুলির বিষয়ে আমাদের তথ্য প্রদান করেন, তখন আমরা ক্রয়কৃত, প্রাপ্ত বা বিবেচিত পণ্য বা পরিষেবার রেকর্ড অথবা অন্যান্য ক্রয় বা অধিগ্রহণের ইতিহাস সংগ্রহ করতে পারি।

- **অনুমানমূলক সিদ্ধান্ত:** আমরা আপনার সম্পর্কে অনুমানমূলক সিদ্ধান্তে উপনীত হওয়া সহ সর্বজনীনভাবে উপলব্ধ তথ্যের সাথে আমরা বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত তথ্য একত্রিত করি। যেমন, আমরা নিম্নলিখিত উৎস থেকে সংগ্রহ করা তথ্যের সাথে আমাদের কাছে থাকা তথ্যগুলিকে একত্রিত করতে পারি: (i) অফলাইন ও অনলাইন, (ii) অন্যান্য তৃতীয় পক্ষের সাইট থকে◌ে, (iii) ডিভাইস থেকে, যেমন কম্পিউটার এবং মোবাইল ডিভাইস, এবং (iv) তৃতীয় পক্ষ থেকে। আমরা আপনার সম্পর্কে একটি প্রোফাইল তৈরি করতে, আপনার পছন্দ, চরিত্র, আচরণ এবং মনোভাব প্রতিফলিত করতে উপরে বর্ণিত শ্রেণীগুলি থেকে তথ্য ব্যবহার করতে পারি।

আমরা আপনার জাতিগত বা জাতিতত্ত্বমূলক উৎস, রাজনৈতিক মতামত, ধর্ম বা দার্শনিক বিশ্বাস, স্বাস্থ্য বা চিকিৎসা অবস্থা, অপরাধমূলক প্রেক্ষাপট, ট্রেড ইউনিয়ন সদস্যপদ, জেনেটিক বা বায়োমেট্রিক ডেটা, যৌন জীবন বা পছন্দ ("সংবেদনশীল ব্যক্তিগত তথ্য" হিসাবে উল্লেখ করা হয়) সম্পর্কিত ব্যক্তিগত তথ্য সংগ্রহ বা প্রক্রিয়া **করি না**। আমরা অনুরোধ করছি যে আপনি আমাদের কাছে কোনও সংবেদনশীল ব্যক্তিগত তথ্য পাঠাবেন না বা প্রকাশ করবেন না। যদিও, আমাদের পণ্য বা প্যাকেজিংয়ের সাথে সম্পর্কিত ঘটনাগুলি বিশ্লেষণ এবং মোকাবেলা করার প্রয়োজন হলে আমরা আপনাকে আপনার স্বাস্থ্য বা চিকিৎসা সংক্রান্ত তথ্য আমাদের কাছে প্রকাশ করতে বলতে পারি। এছাড়াও, আপনি যদি কল চলাকালীন আমাদের এজেন্টদের এইসব ব্যাপারে জানান বা আপনি স্বেচ্ছায় যোগাযোগ বা অন্য কোনও মাধ্যমে সম্মতি প্রকাশ করেন, তবে আমরা এই জাতীয় তথ্য প্রক্রিয়া করব।

আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহের সময় অন্যথায় বলা না থাকলে, আপনি আমাদের প্রয়োজন অনুযায়ী আপনার ব্যক্তিগত তথ্য প্রদান করতে বাধ্য, যা শুধুমাত্র নীচে বর্ণিত উদ্দেশ্যগুলির ক্ষেত্রে পর্যাপ্ত এবং প্রয়োজনীয় হবে। আপনি যদি আমাদের অনুরোধ করা তথ্য প্রদান না করেন, তাহলে আমরা আপনাকে আপনার প্রয়োজনীয় পরিষেবা বা তথ্য প্রদান করতে পারব না বা নীচে বর্ণিত উদ্দেশ্যগুলি পূরণ করতে পারব না।

2. আমরা কীভাবে আপনার তথ্য ব্যবহার করি

আমরা নিম্নলিখিত উদ্দেশ্যে আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার করি:

- **অনুসন্ধান এবং অনুরোধ**: আমরা আপনার অনুসন্ধান, অভিযোগ এবং পরামর্শের প্রতিক্রিয়া জানাতে আপনার যোগাযোগের তথ্য, শনাক্তকরণের তথ্য এবং বাণিজ্যিক তথ্য ব্যবহার করি।
  প্রক্রিয়াকরণের জন্য আইনি ভিত্তি: পর্যাপ্তভাবে এবং একটি সময়মত উপায়ে গ্রাহকদের সাইট ও পরিষেবার সাথে সম্পর্কিত অনুসন্ধান, অভিযোগ ও পরামর্শগুলি পরিচালনা করার ক্ষেত্রে আমাদের বৈধ স্বার্থ।

- **বিশ্লেষণমূলক উদ্দেশ্য**: পছন্দ, প্রবণতা এবং পরিসংখ্যান বিশ্লেষণ করতে আমরা আপনার শনাক্তকরণের তথ্য, ব্যবহার সংক্রান্ত ডেটা, ভৌগলিক অবস্থান সংক্রান্ত ডেটা, বাণিজ্যিক তথ্য, সোশ্যাল মিডিয়া প্রোফাইল, ইউজারের তৈরি করা কনটেন্ট এবং অনুমানমূলক সিদ্ধান্ত ব্যবহার করি।

প্রক্রিয়াকরণের জন্য আইনি ভিত্তি: আমাদের সাইট ও পরিষেবাগুলি উন্নত করা এবং আমাদের কর্মী ও ঠিকাদারদের কর্মক্ষমতা এবং আপনার সম্মতি মূল্যায়ন করার ক্ষেত্রে আমাদের বৈধ স্বার্থ।

- **বিপণন সংক্রান্ত উদ্দেশ্য**: আমরা আপনাকে আমাদের নিউজলেটার পাঠাতে, আমাদের বিপণন প্রচেষ্টা উন্নত করতে, সোশ্যাল মিডিয়া পোস্ট বা বিজ্ঞাপন তৈরি করতে এবং ব্যক্তিগতকৃত বিপণন যোগাযোগ সহ আমাদের সম্পর্কে আপনাকে তথ্য সরবরাহ করতে, আপনার যোগাযোগের তথ্য, শনাক্তকরণের তথ্য, বাণিজ্যিক তথ্য, ব্যবহার সংক্রান্ত ডেটা, ভৌগলিক অবস্থান সংক্রান্ত ডেটা, সোশ্যাল মিডিয়া প্রোফাইল, ইউজারের তৈরি করা কনটেন্ট, অডিও/ভিজ্যুয়াল ডেটা এবং অনুমানমূলক সিদ্ধান্ত ব্যবহার করি।
  প্রক্রিয়াকরণের জন্য আইনি ভিত্তি: আপনার অনুমোদন

- **অফার এবং প্রোমোশন**: আমরা আপনাকে প্রোমোশন, প্রতিযোগিতা, বিশেষ ইভেন্ট, পুরষ্কার ড্র এবং অন্যান্য অফার/প্রোমোশনে অংশগ্রহণ করার সুযোগ দিতে (যেমন, আপনাকে অনুস্মারক ইমেল বা পুরস্কারের নোটিফিকেশন পাঠাতে এবং আপনার ব্যক্তিগত তথ্য পূরণকারী অংশীদারদের প্রেরণ করতে), আমরা আপনার যোগাযোগের তথ্য, শনাক্তকরণের তথ্য, বাণিজ্যিক তথ্য, ব্যবহার সংক্রান্ত ডেটা, সোশ্যাল মিডিয়া প্রোফাইল, অডিও/ভিজ্যুয়াল ডেটা, ইউজারের তৈরি করা কনটেন্ট, ভৌগলিক অবস্থান সংক্রান্ত ডেটা এবং অনুমানমূলক সিদ্ধান্ত ব্যবহার করি।
  প্রক্রিয়াকরণের জন্য আইনি ভিত্তি: এই উদ্দেশ্যে আপনার ব্যক্তিগত তথ্যের প্রক্রিয়াকরণ প্রাসঙ্গিক প্রোমোশনের নিয়ম ও শর্তাবলী এবং আপনার সম্মতির উপর ভিত্তি করে।

- **সাইট ও পরিষেবাগুলির রক্ষণাবেক্ষণ ও উন্নতি**: আমরা আমাদের পরিষেবা এবং সাইটগুলি উন্নত করতে, আমাদের সাইটে কার্যকারিতা প্রদান ও বজায় রাখতে এবং প্রযুক্তিগত ও পরিষেবা সংক্রান্ত সমস্যাগুলি নির্ণয় করা ও আমাদের সাইটগুলি পরিচালনা করায় আমাদের সহায়তা করতে, আপনার যোগাযোগের তথ্য, বাণিজ্যিক তথ্য, শনাক্তকরণের তথ্য, ইউজারের তৈরি করা কনটেন্ট, সোশ্যাল মিডিয়া প্রোফাইল, ভৌগলিক অবস্থান সংক্রান্ত ডেটা, অডিও/ভিজ্যুয়াল ডেটা এবং ব্যবহার সংক্রান্ত ডেটা ব্যবহার করি।
  প্রক্রিয়াকরণের জন্য আইনি ভিত্তি: আমাদের সাইট ও পরিষেবাগুলি উন্নত করা এবং আমাদের কর্মী ও ঠিকাদারদের কর্মক্ষমতা মূল্যায়ন করার ক্ষেত্রে আমাদের বৈধ স্বার্থ।

- **নিরাপত্তা এবং জালিয়াতি প্রতিরোধ**: আমরা আমাদের সাইট ও পরিষেবাগুলি রক্ষা করতে; আমাদের, আমাদের অধিভুক্ত কোম্পানি, আমাদের কর্মী এবং অন্যদের রক্ষা করতে; এবং প্রতারণা, চুরি ও অসদাচরণ প্রতিরোধ করতে, আপনার যোগাযোগের তথ্য, শনাক্তকরণের তথ্য, বাণিজ্যিক তথ্য, সোশ্যাল মিডিয়া প্রোফাইল, ইউজারের তৈরি করা কনটেন্ট, ভৌগলিক অবস্থান সংক্রান্ত ডেটা, ব্যবহার সংক্রান্ত ডেটা, অডিও/ভিজ্যুয়াল ডেটা এবং অনুমানমূলক সিদ্ধান্ত ব্যবহার করি।
- প্রক্রিয়াকরণের জন্য আইনি ভিত্তি: আমাদের প্রতিষ্ঠানের সুরক্ষা এবং জালিয়াতি, চুরি ও অসদাচরণ প্রতিরোধে আমাদের বৈধ স্বার্থ।

- **আইনি**: আমরা রিপোর্টিং প্রয়োজনীয়তা-সহ আমাদের আইনি বাধ্যবাধকতা মেনে চলা এবং আইনি প্রক্রিয়ায় আমাদের রক্ষা করা এবং আইনি প্রক্রিয়ার মাধ্যমে আমাদের ও আমাদের সম্পত্তি, কর্মচারী এবং অন্যদের রক্ষা করার জন্য, আপনার যোগাযোগের তথ্য, শনাক্তকরণের তথ্য, সোশ্যাল মিডিয়া প্রোফাইল, বাণিজ্যিক

তথ্য, ইউজারের তৈরি করা কনটেন্ট, ভৌগলিক অবস্থান সংক্রান্ত ডেটা, ব্যবহার সংক্রান্ত ডেটা, অডিও/ভিজ্যুয়াল ডেটা এবং অনুমানমূলক সিদ্ধান্ত ব্যবহার করি।

প্রক্রিয়াকরণের জন্য আইনি ভিত্তি: আমাদের প্রতিষ্ঠানের সুরক্ষা এবং আমাদের আইনি বাধ্যবাধকতা মেনে চলার ক্ষেত্রে আমাদের বৈধ স্বার্থ।

3. তথ্য শেয়ার ও প্রকাশ করা

আমরা নিম্নোক্ত পরিস্থিতিতে বা অন্যথায় এই গোপনীয়তা বিবৃতিতে বর্ণিত হিসাবে ব্যক্তিগত তথ্য শেয়ার করব।

পরিষেবা প্রদানকারী: আমরা বিক্রেতা এবং পরিষেবা প্রদানকারী, যারা পরিষেবা, সাইট এবং আমাদের ব্যবসার পরিচালনায় সহায়তা করে এবং যাদের আমাদের জন্য তাদের কাজ চালাতে এই ধরনের তথ্যের অ্যাক্সেস প্রয়োজন (যেমন, ওয়েব হোস্টিং, বিশ্লেষণ, ইমেল ডেলিভারি, বিপণন, বীমা, সঞ্চয়স্থান এবং গুদাম পরিষেবা, গ্রাহক সহায়তা পরিষেবা এবং প্রমোশন, প্রতিযোগিতা এবং সুইপস্টেকের পরিচালনা, বিচার এবং পুরস্কার পূর্ণতা দিক-সহ), তাদের সাথে ব্যক্তিগত তথ্য শেয়ার করতে পারি। কিছু ক্ষেত্রে, বিক্রেতা বা পরিষেবা প্রদানকারী আমাদের পক্ষ থেকে সরাসরি আপনার কাছ থেকে তথ্য সংগ্রহ করতে পারে।

সম্পর্কযুক্ত সংগঠন: আমরা আমাদের মূল কোম্পানি, সহযোগী, সম্পর্কযুক্ত সংগঠন, বা তাদের উত্তরাধিকারী বা নিয়োগকারীদের সাথে এবং তাদের মধ্যে ব্যক্তিগত তথ্য শেয়ার করতে পারি।

বিপণন/বিশ্লেষণ/বিজ্ঞাপন অংশীদার: আমরা আপনাকে বিপণন ইমেল এবং বিজ্ঞাপন পাঠানোর মতো বাণিজ্যিক উদ্দেশ্যে সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এবং নেটওয়ার্ক সহ তৃতীয়-পক্ষের বিপণন, বিশ্লেষণ বা বিজ্ঞাপন অংশীদারদের সাথে ব্যক্তিগত তথ্য শেয়ার করতে পারি।

পেশাদার উপদেষ্টা: আমরা আইনজীবী, ব্যাঙ্কার, নিরীক্ষক এবং বীমাকারীর মতো পেশাদার উপদেষ্টাদের সাথে তথ্য শেয়ার করতে পারি, যেক্ষেত্রে তাদের তরফে আমাদের দেওয়া পেশাদার পরিষেবার ক্ষেত্রে প্রয়োজন পড়ে।

সরকারি প্রতিষ্ঠান: আমরা সরকার, প্রশাসনিক, আইন প্রয়োগকারী এবং নিয়ন্ত্রক সংস্থা, কর কর্তৃপক্ষ, কর্পোরেট রেজিস্ট্রি এবং অন্যান্য সরকারী সংস্থা বা কর্তৃপক্ষ সহ নিয়ন্ত্রক এবং সরকারী প্রতিষ্ঠানগুলির সাথে তথ্য শেয়ার করি, যদি আমরা মনে করি যে কোনো প্রযোজ্য আইন, প্রবিধান, আইনি প্রক্রিয়া বা অন্যান্য আইনি বাধ্যবাধকতা মেনে চলার জন্য এমনটা করা উচিত। এর মধ্যে রয়েছে আইন প্রয়োগকারী সংস্থার সাথে সহযোগিতা করা যখন আমরা এটিকে উপযুক্ত মনে করি, আইনি প্রতিকার পাওয়া বা আমাদের ক্ষতি সীমিত করা এবং আমাদের বিরুদ্ধে উত্থাপিত দাবির প্রতিক্রিয়া সহ আমাদের চুক্তি, আইনি অধিকার বা অন্যদের অধিকার বলবৎ করা বা রক্ষা করা।

কর্পোরেট লেনদেন প্রাপক। আমরা সম্ভাব্য বিনিয়োগকারী, ক্রেতা, একত্রীকরণ অংশীদার এবং তাদের উপদেষ্টাদের সাথে তথ্য শেয়ার করতে পারি, যদি আমরা (i) আমাদের ব্যবসা বা সম্পদের সমস্ত বা একটি অংশ বিক্রি বা হস্তান্তর করি অথবা বিক্রি বা হস্তান্তর করার কথা বিবেচনা করি; অথবা (ii) আমাদের মালিকানার স্বার্থ, ব্যবসা বা ক্রিয়াকলাপগুলির সমস্ত বা কোনও অংশের পুনর্গঠন, রূপান্তর, একীভূতকরণ, বিক্রয়, যৌথ উদ্যোগ, নিয়োগ, স্থানান্তর বা স্বভাব বিবেচনা করি বা জড়িত থাকি।

আপনার সম্মতিতে বা আপনার নির্দেশে। আমরা তৃতীয় পক্ষের সাথে তথ্য শেয়ার করতে পারি, যখনই আপনি সম্মতি দেন বা এই ধরনের শেয়ার করার নির্দেশ দেন।

অন্যান্য কারণ: আমরা আপনার কাছে বর্ণনা করতে পারি এমন অন্যান্য কারণে আমরা তথ্য শেয়ার করতে পারি।

আপনার ব্যক্তিগত তথ্য পূর্বোক্ত উদ্দেশ্যে আপনার বসবাসের দেশের বাইরে তৃতীয় পক্ষের কাছে স্থানান্তরিত করা হতে পারে। সাইট বা পরিষেবা ব্যবহার করার মাধ্যমে, আপনি স্বীকার করেন যে, আপনার নিজের এখতিয়ারের বাইরে ব্যক্তিগত তথ্য স্থানান্তরিত হতে পারে এবং প্রক্রিয়া করা হতে পারে এবং অন্যান্য দেশে স্থানান্তরিত আপনার ব্যক্তিগত তথ্যের ক্ষেত্রে প্রযোজ্য ডেটা সুরক্ষা আইন এবং বিধিগুলি আপনার বসবাসের দেশের আইন থেকে আলাদা হতে পারে। এই স্থানান্তরগুলি করার সময়, আমরা প্রাসঙ্গিক ডেটা সুরক্ষা আইনের প্রয়োজনীয়তা অনুসারে আপনার ব্যক্তিগত তথ্য পর্যাপ্তভাবে সুরক্ষিত এবং স্থানান্তর করা হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য বিবেচিত পদক্ষেপ গ্রহণ করব।

4. বিপণন সংক্রান্ত যোগাযোগ

আপনি আমাদের কাছ থেকে প্রাপ্ত যোগাযোগগুলিতে উল্লেখিত "আনসাবস্ক্রাইব" লিঙ্ক বা মেকানিজম ব্যবহার করে বিপণন বা বিজ্ঞাপনের ইমেল এবং নিউজলেটারগুলি পাওয়া বন্ধ করতে পারেন। আপনি এই গোপনীয়তা বিবৃতিটির 'আমাদের সাথে যোগাযোগ করুন' বিভাগে নির্দিষ্ট পদ্ধতিগুলির মধ্যে একটির মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করে বিপণন বা বিজ্ঞাপনের ইমেলগুলি না পাওয়ার অনুরোধ করতে পারেন। একবার আমরা আপনার অনুরোধটি প্রক্রিয়া করলে, আমরা আপনার কাছে কোনও চার্জ ছাড়াই এই ধরনের উদ্দেশ্যে তথ্য ব্যবহার করা বন্ধ করে দেব।

5. নিরাপত্তা

আমরা আমাদের কাছে জমা দেওয়া ব্যক্তিগত তথ্য সুরক্ষার জন্য সাধারণত শিল্পের স্বীকৃত নির্ধারিত মান অনুসরণ করি এবং ব্যক্তিগত তথ্য সুরক্ষিত করার জন্য যুক্তিসঙ্গত প্রযুক্তিগত, সংস্থা, প্রশাসনিক এবং শারীরিক ব্যবস্থা প্রয়োগ করেছি। যদিও, ইন্টারনেটের মাধ্যমে স্থানান্তরের কোনও পদ্ধতি বা ইলেকট্রনিক স্টোরেজ পদ্ধতি 100% নিরাপদ নয়। অতএব, আমরা এর সুনিশ্চিত নিরাপত্তার নিশ্চয়তা দিতে এবং ওয়েবসাইটগুলি ব্যবহার করতে এবং সতর্কতার সাথে তথ্য শেয়ার করতে আপনাকে উৎসাহিত করতে পারি না।

6. কুকিজ, বিশ্লেষণ এবং অন্যান্য ট্র্যাকিং প্রযুক্তি

কুকিজ এবং ট্র্যাকিং প্রযুক্তি: আপনি যখন ওয়েবসাইট অ্যাক্সেস করেন, আমরা (এবং তৃতীয় পক্ষের কোম্পানি যাদের সাথে আমরা কাজ করি) সার্ভার লগ, কুকিজ, ওয়েব বিকন, স্বচ্ছ জিআইএফ, ট্যাগ, ই-ট্যাগ, ফ্ল্যাশ কুকিজ, লগ ফাইল, পিক্সেল, কোড, জাভাস্ক্রিপ্ট প্যাকেজ, মোবাইল বিজ্ঞাপন ID (যেমন Facebook ID বা Google এর অ্যাডভার্টাইজিং ID), ক্রস-ডিভাইস লিঙ্কিং এবং অনুরূপ প্রযুক্তি ব্যবহার করে কিছু তথ্য সংগ্রহ এবং সংরক্ষণ করতে পারি। সংগৃহীত তথ্যের মধ্যে আমাদের সাইটগুলিতে আপনার কার্যকলাপের তথ্য, IP অ্যাড্রেস, ব্রাউজার বা অপারেটিং সিস্টেমের ধরন এবং সংস্করণ, ডিভাইস ID, এবং জনসংখ্যাগত বা অনুমানকৃত-আগ্রহের তথ্য, সেইসাথে সাইটগুলির মাধ্যমে আপনার তরফে আমাদের কাছে জমা দেওয়া তথ্য বা যোগাযোগগুলি অন্তর্ভুক্ত।

আমরা সাধারণ ব্যবহার এবং পরিমাণ সংক্রান্ত পরিসংখ্যান, ইউজাররা কীভাবে আমাদের সাইটগুলিতে এবং তার আশেপাশে নেভিগেট করে, কোন কনটেন্ট দেখা বা অ্যাক্সেস করা হয়েছে এবং কোন পরিষেবাগুলি প্রাপ্ত হয়েছে, তা বোঝার জন্য এই তথ্য ব্যবহার করতে পারি। আমরা আপনার পছন্দ ও প্রোফাইল তথ্য ট্র্যাক করতে এবং তৃতীয় পক্ষগুলিকে বিশ্লেষণ এবং বিজ্ঞাপন পরিষেবা প্রদান করতে এবং ইন্টারনেট জুড়ে এবং মোবাইল অ্যাপ্লিকেশনগুলিতে

আমাদের পক্ষ থেকে বিজ্ঞাপন পরিবেশন করার অনুমতি দিতে এই প্রযুক্তিগুলি ব্যবহার করতে পারি। ধরা যাক, আপনার বর্তমান ডিভাইসে বা আপনার ব্যবহার করা অন্যান্য ডিভাইসে অন্যান্য ওয়েবসাইট এবং মোবাইল অ্যাপে বিজ্ঞাপন দেখে সে সম্পর্কে জানতে আপনি আমাদের সাইট ভিজিট করেছেন, এই সংক্রান্ত তথ্যটি আমাদের বিজ্ঞাপন অংশীদাররা ব্যবহার করতে পারেন। আপনি যদি একাধিক ডিভাইসে একই অনলাইন পরিষেবাতে লগ ইন করেন, তবে সেগুলি আপনার ব্রাউজার বা ডিভাইসের সাথে মিলে যায়। এই তৃতীয় পক্ষের অংশীদাররা আমাদের এবং তাদের নিজস্ব বিজ্ঞাপন, বিশ্লেষণ, অ্যাট্রিবিউশন এবং প্রতিবেদনের উদ্দেশ্যে এই তথ্য ব্যবহার করতে পারে।

আগ্রহ-ভিত্তিক বিজ্ঞাপন, ট্র্যাকিং প্রযুক্তি এবং কীভাবে অপ্ট আউট করতে হয় সে সম্পর্কে আরও জানতে, অনুগ্রহ করে http://www.aboutads.info/choices ভিজিট করুন। আপনি আমাদের ওয়েবসাইটের ফুটারে 'কুকিজ পরিচালনা করুন' লিঙ্কে ক্লিক করে এবং কঠোরভাবে প্রয়োজনীয় নয় এমন সমস্ত কুকিজ নিষ্ক্রিয় করে, অনলাইন ট্র্যাকিং প্রযুক্তির মাধ্যমে ক্রস-কনটেক্সচুয়াল বিহেভিওরাল অ্যাডভার্টাইজিং বা লক্ষ্যযুক্ত বিজ্ঞাপনের জন্য আপনার ব্যক্তিগত তথ্য শেয়ার করা নিষ্ক্রিয় করতে পারেন।

ডু নট ট্র্যাক সিগন্যাল (ট্র্যাক করা যাবে না সংক্রান্ত সিগন্যাল): কয়েকটি ব্রাউজারে "ট্র্যাক করবেন না (ডু নট ট্র্যাক)" ফিচার রয়েছে। এর মাধ্যমে আপনি সিদ্ধান্ত নিতে পারেন যে, যে ওয়েবসাইটগুলি আপনি দেখেন, সেগুলি আপনার অনলাইন ক্রিয়াকলাপ ট্র্যাক করবে কি করবে না। এই ফিচারগুলি বিভিন ব্রাউজার জুড়ে এখনও অভিন্ন নয়। আমাদের সাইটগুলি বর্তমানে এই সিগন্যালগুলির প্রতিক্রিয়া জানাতে সেট আপ করা হয়নি। ডু নট ট্র্যাক সিগন্যাল (ট্র্যাক করা যাবে না সংক্রান্ত সিগন্যাল) সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে https://allaboutdnt.com/ দেখুন।

Google Analytics: আমরা Google Analytics দ্বারা প্রদত্ত বিশ্লেষণ পরিষেবা ব্যবহার করি। আপনি যখন আমাদের সাইটগুলি ভিজিট করেন বা ব্যবহার করেন তখন Google কীভাবে ডেটা ব্যবহার করে সে সম্পর্কে আপনি যদি আরও তথ্য চান, তবে অনুগ্রহ করে www.google.com/policies/privacy/partners দেখুন। আপনি যদি স্থগিত করতে চান, তাহলে Google একটি অপ্ট-আউট টুল প্রদান করে, যা https://tools.google.com/dlpage/gaoptout-এ উপলব্ধ।

7. অন্যান্য ওয়েবসাইটের লিঙ্ক

আমাদের সাইটগুলিতে অন্যান্য ওয়েবসাইট বা অ্যাপ্লিকেশনগুলির লিঙ্ক অন্তর্ভুক্ত থাকতে পারে, যেহি;অর গোপনীয়তা অনুশীলনগুলি আমাদের থেকে আলাদা হতে পারে। আপনি যদি এই ওয়েবসাইট বা অ্যাপ্লিকেশনগুলিতে যেকোনও ব্যক্তিগত তথ্য জমা দেন, তাহলে আপনার তথ্য তাদের গোপনীয়তা বিবৃতি দ্বারা নিয়ন্ত্রিত হয়। আপনি যে ওয়েবসাইটেই ভিজিট করুন না কেন, তার গোপনীয়তা বিবৃতিটি মনোযোগ সহকারে পড়তে উৎসাহিত করি।

৪. তথ্য ধরে রাখা

ডেটা-চালিত ব্যবসায়িক সিদ্ধান্ত নেওয়া, আমাদের আইনি বাধ্যবাধকতা মেনে চলা এবং বিরোধ নিষ্পত্তির মতো বৈধ এবং প্রয়োজনীয় ব্যবসায়িক উদ্দেশ্যে আপনাকে পরিষেবাগুলি সরবরাহ করার জন্য যতক্ষণ প্রয়োজন ততক্ষণ আমরা আপনার ব্যক্তিগত তথ্য নিজেদের কাছে রাখি। ব্যক্তিগত তথ্য যে উদ্দেশ্যে সংগ্রহ করা, রাখা এবং প্রক্রিয়া

করা হয়েছে, সেই উদ্দেশ্যে প্রয়োজনীয়তার চেয়ে বেশি সময় ধরে রাখা হয় না। ব্যক্তিগত তথ্য ধরে রাখার সময়কাল সেই তথ্যটি আইনত প্রয়োজনীয় ব্যবসায়িক রেকর্ডের অংশ হিসাবে রাখা হয়েছে কিনা তার উপর নির্ভর করে।

9. শিশু

আমরা জেনেশুনে 13 বছরের কম বয়সী কারো কাছ থেকে কোনও ব্যক্তিগত তথ্য সংগ্রহ বা সঞ্চয় করি না, যদি আমরা সচেতন হই যে আমরা 13 বছরের কম বয়সী কোনও নাবালকের কাছ থেকে ব্যক্তিগত তথ্য সংগ্রহ বা সংরক্ষণ করেছি, তাহলে আমরা আমাদের ফাইল থেকে তাদের ব্যক্তিগত তথ্য মুছে ফেলব। আপনি যদি একজন পিতা/মাতা বা অভিভাবক হন এবং বিশ্বাস করেন যে আমরা অসাবধানতাবশত আপনার সন্তানের কাছ থেকে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করেছি, তাহলে অনুগ্রহ করে privacy@wd40.com-এ একটি ইমেল পাঠিয়ে অবিলম্বে আমাদের অবহিত করুন।

10. আপনার তথ্য কীভাবে আপডেট করবেন

আপনার কাছে যেকোনও সময় আপনার ব্যক্তিগত তথ্য অ্যাক্সেস করা এবং আমাদের সেটি সংশোধন করার অনুরোধ জানানোর অধিকার রয়েছে। আমাদের কাছে থাকা এবং আপনার সাথে সম্পর্কিত তথ্য অ্যাক্সেস করতে, পরিবর্তন করতে বা আপডেট করতে, অনুগ্রহ করে বিভাগ 11-এ যোগাযোগের বিবরণ ব্যবহার করে আমাদের সাথে যোগাযোগ করুন।

11. আমাদের সাথে যোগাযোগ করুন

আমাদের গোপনীয়তা অনুশীলন বা এই গোপনীয়তা বিবৃতি সম্পর্কে আপনার যদি প্রশ্ন বা উদ্বেগ থাকে, তবে আপনি নীচের ঠিকানায় লিখে বা ইমেল করে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন:

WD-40 কোম্পানি (WD-40 Company)
মনোযোগ: গোপনীয়তা
ঠিকানা: 9715 Businesspark Avenue, San Diego, CA 92131
ইমেল: privacy@wd40.com।

12. এই গোপনীয়তা বিবৃতিতে হওয়া পরিবর্তন

আমরা নির্দিষ্ট সময় অন্তর এই গোপনীয়তা বিবৃতিটি সংশোধন বা আপডেট করতে পারি। উপরের সর্বশেষ আপডেট হওয়া তারিখটি সংশোধনের সবচেয়ে সাম্প্রতিক তারিখটিকে বোঝায়। আপডেট করা গোপনীয়তা বিবৃতিটি আমাদের সাইটে পোস্ট করা হবে। আমরা একটি সংশোধিত গোপনীয়তা বিবৃতি পোস্ট করার পরে আপনার পরিষেবা বা সাইটগুলির ক্রমাগত ব্যবহার থেকে এরকম ইঙ্গিত পাওয়া যায় যে, আপনি সংশোধিত গোপনীয়তা বিবৃতিতে সম্মতি জানিয়েছেন।

13. দেশ/অঞ্চল/রাজ্য দ্বারা নির্দিষ্ট বিধান

California

আপনি যদি California-এর বাসিন্দা হন, তাহলে নিম্নলিখিত অতিরিক্ত বিধানগুলি আপনার জন্য প্রযোজ্য।

শাইন দ্য লাইট (Shine The Light): আপনি যদি California-র বাসিন্দা হন তবে এই বিভাগটি আপনার জন্য প্রযোজ্য। California শাইন দ্য লাইট আইন (California সিভিল কোড § 1798.83) California-র বাসিন্দাদের তৃতীয় পক্ষের সরাসরি বিপণনের উদ্দেশ্যে তাদের তথ্য তৃতীয় পক্ষের সাথে কীভাবে শেয়ার করা হয় সে সম্পর্কে নির্দিষ্ট বিবরণের অনুরোধ করার অনুমতি দেয়। আপনি যদি California-র বাসিন্দা হন এবং এই ধরনের অনুরোধ করতে চান, তাহলে অনুগ্রহ করে privacy@wd40.com-এ একটি ইমেল পাঠান এবং আপনার ইমেলের সাবজেক্ট লাইনে "CA Shine the Light (শাইন দ্য লাইট)" লিখুন।

California কনজিউমার প্রাইভেসি অ্যাক্ট (California Consumer Privacy Act, CCPA) প্রকাশ:

আমরা সংগ্রহ করি ব্যক্তিগত তথ্যের শ্রেণী এবং উৎস: বিগত 12 মাসে, আমরা ব্যক্তিগত তথ্যের নিম্নলিখিত শ্রেণীগুলি সংগ্রহ করেছি: যোগাযোগের তথ্য, শনাক্তকরণের তথ্য, সোশ্যাল মিডিয়া প্রোফাইল, ইউজারের তৈরি করা কনটেন্ট, বাণিজ্যিক তথ্য, ভৌগলিক অবস্থান সংক্রান্ত ডেটা, ব্যবহার সংক্রান্ত ডেটা, অডিও/ভিজুয়াল ডেটা এবং অনুমানমূলক সিদ্ধান্ত। আমরা যে ডেটা পয়েন্টগুলি সংগ্রহ করি এবং এই ধরনের সংগ্রহের উৎসগুলির শ্রেণীবিভাগ সম্পর্কে বিস্তারিত জানার জন্য, অনুগ্রহ করে উপরের বিভাগ 1 দেখুন।

যে উদ্দেশ্যে আমরা ব্যক্তিগত তথ্য ব্যবহার করি: আমরা উপরের বিভাগ 2-এ বর্ণিত ব্যবসায়িক এবং বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি।

ব্যক্তিগত তথ্য বিক্রি বা শেয়ার করা: বিগত 12 মাসে, আমরা ব্যক্তিগত তথ্যের নিম্নলিখিত শ্রেণীগুলি "বিক্রয়" বা "শেয়ার" করেছি (যেমনভাবে এই শর্তগুলি CCPA-তে সংজ্ঞায়িত করা হয়েছে): শনাক্তকরণের তথ্য, বাণিজ্যিক তথ্য, ভৌগলিক অবস্থান সংক্রান্ত ডেটা, ইন্টারনেট বা ইলেকট্রনিক ব্যবহারের ডেটা এবং অনুমানমূলক সিদ্ধান্ত। আমরা জ্ঞাতসারে 16 বছরের কম বয়সী নাবালকদের ব্যক্তিগত তথ্য সংগ্রহ, বিক্রি বা শেয়ার করি না।

সংবেদনশীল ব্যক্তিগত তথ্য ব্যবহার বা প্রকাশ: বিগত 12 মাসে, আমরা এমন কোনও উদ্দেশ্যে সংবেদনশীল ব্যক্তিগত তথ্য ব্যবহার করিনি বা প্রকাশ করিনি, যেক্ষেত্রে ব্যবহার এবং প্রকাশ সীমিত করার অধিকার CCPA-এর অধীনে প্রযোজ্য।

কোনও ব্যবসায়িক উদ্দেশ্যে প্রকাশ: বিগত 12 মাসে, আমরা নিম্নোক্ত শ্রেণীর প্রাপকদের উপরের বিভাগ 3 এ উল্লিখিত ব্যবসায়িক উদ্দেশ্যে ব্যক্তিগত তথ্যের নিম্নলিখিত বিভাগগুলি প্রকাশ করেছি:

ব্যক্তিগত তথ্যের শ্রেণী	*প্রাপকদের শ্রেণী*
যোগাযোগের তথ্য	পরিষেবা প্রদানকারী, সম্পর্কযুক্ত সংগঠন, পেশাদার উপদেষ্টা, সরকারী প্রতিষ্ঠান
অনন্য শনাক্তকরণের তথ্য	পরিষেবা প্রদানকারী, সম্পর্কযুক্ত সংগঠন, পেশাদার উপদেষ্টা, বিপণন/বিশ্লেষণ/বিজ্ঞাপন অংশীদার

সোশ্যাল মিডিয়া প্রোফাইল	পরিষেবা প্রদানকারী, সম্পর্কযুক্ত সংগঠন, পেশাদার উপদেষ্টা, বিপণন/বিশ্লেষণ/বিজ্ঞাপন অংশীদার
ইউজারের তৈরি করা কনটেন্ট	পরিষেবা প্রদানকারী, সম্পর্কযুক্ত সংগঠন, পেশাদার উপদেষ্টা, বিপণন/বিশ্লেষণ/বিজ্ঞাপন অংশীদার
বাণিজ্যিক তথ্য	পরিষেবা প্রদানকারী, সম্পর্কযুক্ত সংগঠন, পেশাদার উপদেষ্টা, সরকারী প্রতিষ্ঠান, বিপণন/বিশ্লেষণ/বিজ্ঞাপন অংশীদার
ব্যবহার সংক্রান্ত ডেটা	পরিষেবা প্রদানকারী, সম্পর্কযুক্ত সংগঠন, বিপণন/বিশ্লেষণ/বিজ্ঞাপন অংশীদার
ভৌগলিক অবস্থান সংক্রান্ত ডেটা	পরিষেবা প্রদানকারী, সম্পর্কযুক্ত সংগঠন, বিপণন/বিশ্লেষণ/বিজ্ঞাপন অংশীদার
অডিও/ভিজুয়াল ডেটা	পরিষেবা প্রদানকারী, সম্পর্কযুক্ত সংগঠন বিপণন/বিশ্লেষণ/বিজ্ঞাপন অংশীদার
অনুমানমূলক সিদ্ধান্ত	পরিষেবা প্রদানকারী, সম্পর্কযুক্ত সংগঠন বিপণন/বিশ্লেষণ/বিজ্ঞাপন অংশীদার

প্রাপকদের শ্রেণীগুলির আরও বিস্তৃত বিবরণের জন্য, অনুগ্রহ করে উপরের বিভাগ 3 দেখুন।

CCPA-এর অধীনে আপনার অধিকার

কিছু ব্যতিক্রম এবং সীমাবদ্ধতা সাপেক্ষে, CCPA California-র গ্রাহকদের নিম্নলিখিত অধিকারগুলি প্রদান করে:

- আমাদের থেকে এই তথ্যগুলি জানতে চাওয়ার অধিকার - (i) আমরা আপনার সম্পর্কে কোন ব্যক্তিগত তথ্য সংগ্রহ করেছি, (ii) সেই তথ্যের উৎস, (iii) ব্যক্তিগত তথ্য সংগ্রহ, বিক্রয় বা শেয়ার করার জন্য ব্যবসা বা বাণিজ্যিক উদ্দেশ্য; এবং (iv) তৃতীয় পক্ষের শ্রেণী, যাদের কাছে আমরা আপনার ব্যক্তিগত তথ্য প্রকাশ করেছি।

- আমাদের থেকে আপনার ব্যক্তিগত তথ্যের একটি অনুলিপি পাওয়ার অনুরোধ করার অধিকার।

- আমাদের তরফে আপনার ব্যক্তিগত তথ্য মুছে ফেলার অনুরোধ করার অধিকার।

- আপনার ব্যক্তিগত তথ্য বিক্রয় করা বন্ধ করার অধিকার।

- ক্রস-কনটেক্সট বিহেভিওরাল অ্যাডভার্টাইজিংয়ের জন্য আপনার ব্যক্তিগত তথ্য শেয়ার করে নেওয়া বন্ধ করার অধিকার।

- আপনার সংবেদনশীল ব্যক্তিগত তথ্যের ব্যবহার বা প্রকাশকে শুধুমাত্র CCPA-তে উল্লেখ করা উদ্দেশ্যের মধ্যে সীমাবদ্ধ রাখতে আমাদের নির্দেশ দেওয়ার অধিকার।

- আমাদের কাছে আপনার সম্পর্কে কোনও ভুল ব্যক্তিগত তথ্য থাকলে, তা সংশোধন করার অধিকার।

- আপনার কোনও CCPA অধিকার প্রয়োগ করার জন্য বৈষম্যের শিকার না হওয়ার অধিকার।

আপনার অধিকার প্রয়োগ করা: আপনার যেকোনও CCPA অধিকার প্রয়োগ করতে, অনুগ্রহ করে এখানে ক্লিক করুন অথবা আমাদের 1-877-906-1824 নম্বরে কল করুন। সমস্ত অনুরোধের জন্য, আপনাকে অবশ্যই আপনার নাম, ইমেল অ্যাড্রেস, ফোন নম্বর এবং ডাক ঠিকানা আমাদের প্রদান করতে হবে। পূর্বোক্ত সমস্ত তথ্য প্রদানে ব্যর্থ হলে, আমরা আপনার অনুরোধ প্রক্রিয়াকরণ করতে পারব না। আপনার দেওয়া তথ্যের সাথে আমরা যে তথ্য সংগ্রহ করেছি তা মিলিয়ে আমরা আপনার পরিচয় যাচাই করব। আপনি যদি অনুরোধ করেন যে আমরা আপনার ব্যক্তিগত তথ্য সংশোধন করি, তাহলে আমরা সহায়ক কাগজপত্র-সহ যে ব্যক্তিগত তথ্যটিকে আপনি ভুল বলে মনে করেন সে সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য অনুরোধ করতে আপনার সাথে যোগাযোগ করতে পারি। আপনার পক্ষে কাজ করার জন্য একটি অনুমোদিত এজেন্ট মনোনীত করতে, আপনাকে অবশ্যই একটি স্বাক্ষরিত, লিখিত অনুমোদন আমাদের privacy@wd40.com-এ পাঠাতে হবে।

গ্লোবাল প্রাইভেসি কন্ট্রোল এবং অপ্ট-আউট প্রেফারেন্স সিগন্যাল: কয়েকটি ব্রাউজার বা ব্রাউজার এক্সটেনশন আপনাকে এমন সুযোগও দেয়, যাতে "গ্লোবাল প্রাইভেসি কন্ট্রোল" বা অন্যান্য অপ্ট-আউট প্রেফারেন্স সিগন্যালের মাধ্যমে ওয়েবসাইটগুলির তরফে ক্রস-কনটেক্সচুয়াল বিহেভিওরাল অ্যাডভার্টাইজিংয়ের ক্ষেত্রে আপনার তথ্য শেয়ার না করার বিকল্প বেছে নিতে পারেন। আপনি যদি আপনার ব্রাউজার বা এক্সটেনশনে গ্লোবাল প্রাইভেসি কন্ট্রোল বা একটি অপ্ট-আউট প্রেফারেন্স সিগন্যাল চালু করে থাকেন, তাহলে আমরা বিশ্লেষণ এবং বিজ্ঞাপন প্রযুক্তি অক্ষম করে এই ধরনের অনুরোধগুলিকে গুরুত্ব দেব, যেগুলি আমাদের সাইট দ্বারা স্বীকৃত হতে পারে। অনুগ্রহ করে মনে রাখবেন যে আমরা আপনার ইমেল অ্যাড্রেসের মতো অন্যান্য ব্যক্তিগত তথ্যের সাথে একটি অপ্ট-আউট প্রেফারেন্স সিগন্যালকে সহজেই সংযুক্ত করতে সক্ষম নাও হতে পারি। এছাড়াও আপনি শুধুমাত্র অনলাইন বিক্রয় বা ব্যক্তিগত তথ্য শেয়ার করে নেওয়া বন্ধ করতে পারবেন এবং আপনার ব্যবহার করা প্রতিটি ব্রাউজারের জন্য এটি চালু করতে হবে। আপনি যদি উপরে বর্ণিত অনলাইন বিজ্ঞাপন অনুশীলনের বাইরে আপনার স্থগিতকরণের অনুরোধ প্রসারিত করতে চান, তবে উপরে "আপনার অধিকার প্রয়োগ করা" বিভাগটি দেখুন।

Texas

আপনি যদি Texas-এর বাসিন্দা হন, তাহলে নিম্নলিখিত অতিরিক্ত বিধানগুলি আপনার জন্য প্রযোজ্য।

আমাদের প্রক্রিয়া করা ব্যক্তিগত ডেটার শ্রেণী, ব্যক্তিগত ডেটা প্রসেস করার উদ্দেশ্য, শেয়ার করা ব্যক্তিগত ডেটার শ্রেণী এবং যেসব তৃতীয় পক্ষের সঙ্গে পার্সোনাল ডেটা শেয়ার করা হয়েছে, তাদের শ্রেণীগুলি আমরা উপরে উল্লেখ করেছি।

আপনার অধিকার

কিছু ব্যতিক্রম এবং সীমাবদ্ধতা সাপেক্ষে, Texas-এর গ্রাহকদের নিম্নলিখিত অধিকার রয়েছে:

- আমরা আপনার ব্যক্তিগত ডেটা প্রক্রিয়া ও অ্যাক্সেস করছি কি করছি না, তা আমরা যেন নিশ্চিত করি, সে সম্পর্কে অনুরোধ করার অধিকার।

- আপনার ব্যক্তিগত ডেটার একটি অনুলিপি একটি পোর্টেবল এবং প্রযুক্তিগতভাবে সম্ভাব্য, সহজে ব্যবহারযোগ্য ফরম্যাটে পাওয়ার অধিকার, যা ডেটা বহনযোগ্যতার সুযোগ দেয়।

- আমরা আপনার সম্পর্কে যে ভুল ব্যক্তিগত তথ্য ধরে রাখি, তা সংশোধন করার অধিকার।

- আমাদের তরফে আপনার ব্যক্তিগত তথ্য মুছে ফেলার অনুরোধ করার অধিকার।

- (i) লক্ষ্যযুক্ত বিজ্ঞাপন/ক্রস-কনটেক্সট বিহেভিওরাল অ্যাডভার্টাইজিং, (ii) ব্যক্তিগত তথ্য বিক্রয়, বা (iii) আপনার বিষয়ে আইনি বা একইভাবে গুরুত্বপূর্ণ প্রভাব তৈরি করে এমন ধরনের সিদ্ধান্তের অগ্রগতিতে স্বয়ংক্রিয় সিদ্ধান্ত গ্রহণ বা প্রোফাইলিংয়ের উদ্দেশ্যে ব্যক্তিগত ডেটা প্রক্রিয়াকরণ থামানোর অধিকার।

আপনার অধিকার প্রয়োগ করা

আপনার যেকোনও অধিকার প্রয়োগ করতে, অনুগ্রহ করে এখানে ক্লিক করুন অথবা আমাদেরকে 1-877-906-1824 নম্বরে কল করুন। সমস্ত অনুরোধের জন্য, আপনাকে অবশ্যই আপনার নাম, ইমেল অ্যাড্রেস, ফোন নম্বর এবং ডাক ঠিকানা আমাদের প্রদান করতে হবে। পূর্বোক্ত সমস্ত তথ্য প্রদানে ব্যর্থ হলে, আমরা আপনার অনুরোধ প্রক্রিয়াকরণ করতে পারব না। আপনার দেওয়া তথ্যের সাথে আমরা যে তথ্য সংগ্রহ করেছি তা মিলিয়ে আমরা আপনার পরিচয় যাচাই করব। আপনি যদি অনুরোধ করেন যে আমরা আপনার ব্যক্তিগত তথ্য সংশোধন করি, তাহলে আমরা সহায়ক কাগজপত্র-সহ যে ব্যক্তিগত তথ্যটিকে আপনি ভুল বলে মনে করেন সে সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য অনুরোধ করতে আপনার সাথে যোগাযোগ করতে পারি। আপনার পক্ষে কাজ করার জন্য একটি অনুমোদিত এজেন্ট মনোনীত করতে, আপনাকে অবশ্যই একটি স্বাক্ষরিত, লিখিত অনুমোদন আমাদের privacy@wd40.com-এ পাঠাতে হবে।

আমাদের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করা। যদি আমরা আপনার অনুরোধের উপর পদক্ষেপ নিতে অস্বীকার করি, তাহলে আপনি আমাদের প্রতিক্রিয়া প্রাপ্তির তারিখ থেকে 90 ক্যালেন্ডার দিন অতিক্রম না করে একটি যুক্তিসঙ্গত সময়ের মধ্যে আমাদের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন। আপনিprivacy@wd40.com-এ ইমেল করে আপনার আপিল করার অধিকার প্রয়োগ করতে পারেন। অনুগ্রহ করে আপনার সম্পূর্ণ নাম, আপনার আপিলের ভিত্তি এবং বিবেচনা করার জন্য যেকোনও অতিরিক্ত তথ্য অন্তর্ভুক্ত করুন।

গ্লোবাল প্রাইভেসি কন্ট্রোল এবং অপ্ট-আউট প্রেফারেন্স সিগন্যাল: কয়েকটি ব্রাউজার বা ব্রাউজার এক্সটেনশন আপনাকে এমন সুযোগও দেয়, যাতে "গ্লোবাল প্রাইভেসি কন্ট্রোল" বা অন্যান্য অপ্ট-আউট প্রেফারেন্স সিগন্যালের মাধ্যমে ওয়েবসাইটগুলির তরফে ক্রস-কনটেক্সচুয়াল বিহেভিওরাল অ্যাডভার্টাইজিংয়ের ক্ষেত্রে আপনার তথ্য শেয়ার না করার বিকল্প বেছে নিতে পারেন। আপনি যদি আপনার ব্রাউজার বা এক্সটেনশনে গ্লোবাল প্রাইভেসি কন্ট্রোল বা একটি অপ্ট-আউট প্রেফারেন্স সিগন্যাল চালু করে থাকেন, তাহলে আমরা বিশ্লেষণ এবং বিজ্ঞাপন প্রযুক্তি অক্ষম করে এই ধরনের অনুরোধগুলিকে গুরুত্ব দেব, যেগুলি আমাদের সাইট দ্বারা স্বীকৃত হতে পারে। অনুগ্রহ করে মনে রাখবেন যে আমরা আপনার ইমেল অ্যাড্রেসের মতো অন্যান্য ব্যক্তিগত তথ্যের সাথে একটি অপ্ট-আউট প্রেফারেন্স সিগন্যালকে সহজেই সংযুক্ত করতে সক্ষম নাও হতে পারি। এছাড়াও আপনি শুধুমাত্র অনলাইন বিক্রয় বা ব্যক্তিগত তথ্য শেয়ার করে নেওয়া বন্ধ করতে পারবেন এবং আপনার ব্যবহার করা প্রতিটি ব্রাউজারের জন্য এটি চালু করতে

হবে। আপনি যদি উপরে বর্ণিত অনলাইন বিজ্ঞাপন অনুশীলনের বাইরে আপনার স্থগিতকরণের অনুরোধ প্রসারিত করতে চান, তবে উপরে "আপনার অধিকার প্রয়োগ করা" বিভাগটি দেখুন।

ইউরোপিয়ান ইকোনমিক এরিয়া (EEA), United Kingdom এবং Switzerland

আপনি যদি ইউরোপিয়ান ইকোনমিক এরিয়া (EEA), United Kingdom এবং Switzerland-এর বাসিন্দা হন, তাহলে নিম্নলিখিত অতিরিক্ত বিধানগুলি আপনার জন্য প্রযোজ্য।

নিয়ন্ত্রক: আপনার ব্যক্তিগত তথ্যের নিয়ন্ত্রক হল: WD-40 কোম্পানি লিমিটেড (WD-40 Company Limited)

প্রকাশ এবং আন্তঃসীমান্ত স্থানান্তর: এই গোপনীয়তা বিবৃতিতে বর্ণিত হিসাবে অনুমোদিত এবং তৃতীয় পক্ষের সাথে শেয়ার করা ব্যক্তিগত তথ্যগুলি প্রযোজ্য হিসাবে GDPR বা UK GDPR-এর অধীনে প্রয়োজনীয় সুরক্ষাগুলি অন্তর্ভুক্ত করে এমন চুক্তি অনুসারে করা হয়। আমরা একটি বিশ্বব্যাপী ছড়িয়ে থাকা কোম্পানি এবং আপনার ব্যক্তিগত তথ্য আমাদের মধ্যে শেয়ার করা হবে এবং আপনার বসবাসের দেশের বাইরে স্থানান্তর করা হবে। সাইট বা পরিষেবা ব্যবহার করার মাধ্যমে, আপনি স্বীকার করেন যে, আপনার নিজের এখতিয়ারের বাইরে ব্যক্তিগত তথ্য স্থানান্তরিত হতে পারে এবং প্রক্রিয়া করা হতে পারে এবং United States বা অন্যান্য দেশে স্থানান্তরিত আপনার ব্যক্তিগত তথ্যের ক্ষেত্রে প্রযোজ্য ডেটা সুরক্ষা আইন এবং বিধিগুলি আপনার বসবাসের দেশের আইন থেকে আলাদা হতে পারে। GDPR এবং UK GDPR অনুযায়ী, ব্যক্তিগত তথ্য যা ইউরোপিয়ান ইকোনমিক এরিয়ার বাইরে স্থানান্তরিত হয় তা ডেটা স্থানান্তর চুক্তির মতো অনুগত ব্যবস্থা অনুসারে পরিচালিত হয়, যাতে ইউরোপীয় কমিশন কর্তৃক গৃহীত মানসম্মত চুক্তির ধারা রয়েছে যা এই ধরনের স্থানান্তর বা আইনত স্বীকৃত সার্টিফিকেশনগুলির জন্য সুরক্ষা প্রদান করে।

আপনার ব্যক্তিগত তথ্যের উপর আপনার অধিকার: আপনার কাছে আমাদের নিম্নোক্তগুলি করতে বলার অধিকার আছে:

- আমরা আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণ করছি কিনা তা নিশ্চিত করা;
- সাধারণত ব্যবহৃত, মেশিন রিডেবল ফরম্যাটে আপনাকে বা আপনার দ্বারা নির্ধারিত তৃতীয় পক্ষকে আপনার কিছু ব্যক্তিগত তথ্য প্রদান করা;
- আপনার ব্যক্তিগত তথ্য ভুল বা অসম্পূর্ণ হলে আপডেট বা সংশোধন করা;
- নির্দিষ্ট পরিস্থিতিতে আপনার ব্যক্তিগত তথ্য বাতিল করা বা মুছে ফেলা;
- বিপণন কার্যক্রম এবং বিপণন কার্যক্রমের প্রোফাইলিং এবং পরিসংখ্যানগত উদ্দেশ্যে প্রোফাইলিং-সহ নির্দিষ্ট পরিস্থিতিতে আপনার ব্যক্তিগত তথ্যের প্রক্রিয়াকরণ সীমিত করা বা প্রক্রিয়াকরণ বন্ধ করা;
- বা আইন দ্বারা অনুমোদিত পরিমাণে পূর্বে দেওয়া সম্মতি প্রত্যাহার করা।

আপনার যেকোনও গোপনীয়তা অধিকার প্রয়োগ করতে, অনুগ্রহ করে এখানে ক্লিক করুন অথবা আমাদেরকে 1-877-906-1824 নম্বরে কল করুন। সমস্ত অনুরোধের জন্য, আপনাকে অবশ্যই আপনার নাম, ইমেল অ্যাড্রেস, ফোন নম্বর এবং ডাক ঠিকানা আমাদের প্রদান করতে হবে। পূর্বোক্ত সমস্ত তথ্য প্রদানে ব্যর্থ হলে, আমরা আপনার অনুরোধ প্রক্রিয়াকরণ করতে পারব না। আপনার দেওয়া তথ্যের সাথে আমরা যে তথ্য সংগ্রহ করেছি তা মিলিয়ে আমরা আপনার পরিচয় যাচাই করব। আপনি যদি অনুরোধ করেন যে আমরা আপনার ব্যক্তিগত তথ্য সংশোধন করি, তাহলে আমরা সহায়ক কাগজপত্র-সহ যে ব্যক্তিগত তথ্যটিকে আপনি ভুল বলে মনে করেন সে সম্পর্কে অতিরিক্ত

তথ্যের জন্য অনুরোধ করতে আপনার সাথে যোগাযোগ করতে পারি। আপনার পক্ষে কাজ করার জন্য একটি অনুমোদিত এজেন্ট মনোনীত করতে, আপনাকে অবশ্যই একটি স্বাক্ষরিত, লিখিত অনুমোদন আমাদের privacy@wd40.com-এ পাঠাতে হবে। আমরা আগ্রহী ব্যক্তিদের প্রদত্ত যোগাযোগের তথ্য ব্যবহার করে যেকোনও উদ্বেগ উত্থাপন করতে উৎসাহিত করি এবং আমরা আপনার ব্যক্তিগত তথ্যের ব্যবহার এবং প্রকাশের সাথে সম্পর্কিত যে কোনও বিষয়ে তদন্ত করব এবং সমাধান করার চেষ্টা করব।

Mexico

আপনি যদি Mexico-এর বাসিন্দা হন, তাহলে নিম্নলিখিত অতিরিক্ত বিধানগুলি আপনার জন্য প্রযোজ্য।

ডেটা নিয়ন্ত্রক: আপনার ডেটা নিয়ন্ত্রক হল WD-40 Co. Mexico, S. de R.L. de C.V.

আপনার ব্যক্তিগত ডেটার ব্যবহার: আমরা যে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি, তা শুধুমাত্র এই গোপনীয়তা বিবৃতির বিভাগ 1-এ উল্লেখিত উদ্দেশ্যে বা আপনার প্রাপ্ত সামগ্রীতে উল্লেখিত অনুযায়ী ব্যবহৃত হয়।

প্রক্রিয়াকরণে সম্মতি: বেসরকারী পক্ষগুলির দ্বারা গৃহীত ব্যক্তিগত ডেটা সুরক্ষা সম্পর্কিত ফেডারেল আইন এবং এর সাথে থাকা প্রবিধান অনুসারে, আপনি এই গোপনীয়তা বিবৃতিটির বিধান অনুসারে আপনার ব্যক্তিগত ডেটা প্রক্রিয়াকরণে সম্মত হন, যদি না আপনি এই গোপনীয়তা বিবৃতির 'আপনার অধিকার' বিভাগের অধীনে প্রদত্ত পদ্ধতিতে আপনার আপত্তি প্রকাশ করেন। আমরা আপনার এবং আমাদের মধ্যে একটি আইনি সম্পর্কের অধীনে বাধ্যবাধকতা পূরণের উদ্দেশ্যে আপনাকে আমাদের পণ্য এবং পরিষেবাগুলি সরবরাহ করতে আর্থিক বা সম্পদ সংক্রান্ত তথ্য প্রক্রিয়া করতে পারি।

আপনার অধিকার: আপনার এবং আমাদের মধ্যে আইনি সম্পর্কের জন্য প্রয়োজনীয় উদ্দেশ্যের চেয়ে ভিন্ন কোনও উদ্দেশ্যে আপনার ব্যক্তিগত তথ্যের প্রক্রিয়াকরণের অনুমতি দিতে অস্বীকার করতে, এই গোপনীয়তা বিবৃতিটি সম্পর্কে আপনাকে অবগত করার পরে আপনার কাছে পাঁচ (5) দিন অব্দি সময় থাকে; অন্যথায়, আপনি এই ধরনের প্রক্রিয়াকরণে সম্মতি দিয়েছেন বলে ধরে নেওয়া হয়। এছাড়াও আপনার ব্যক্তিগত তথ্য অ্যাক্সেস করা্, এই ধরনের তথ্য ভুল বা অসম্পূর্ণ হলে তা সংশোধন করা, আপনার ব্যক্তিগত তথ্য বাতিল বা মুছে ফেলা; একটি নির্দিষ্ট উদ্দেশ্যে আপনার তথ্য ব্যবহারের বিরোধিতা করা; বা আইন দ্বারা অনুমোদিত পরিমাণে পূর্বে দেওয়া সম্মতি প্রত্যাহার করার অধিকার রয়েছে। আপনি যদি নির্দিষ্ট ব্যক্তিগত তথ্য ব্যবহার করার ক্ষেত্রে আমাদের ক্ষমতা বাতিল বা প্রত্যাহার করেন, তাহলে আমরা আপনাকে নির্দিষ্ট পণ্য এবং পরিষেবা প্রদান করতে সক্ষম নাও হতে পারি।

উপরে বর্ণিত অধিকারগুলির যেকোনও একটি প্রয়োগ করতে, অনুগ্রহ করে আমাদের privacy@wd40.com-এ ইমেল করুন। আপনাকে অবশ্যই ইমেলে এগুলির উল্লেখ করতে হবে- (a) আপনার পুরো নাম; (b) আপনার ডাক ঠিকানা, ইমেল অ্যাড্রেস এবং টেলিফোন নম্বর সহ আপনার যোগাযোগের তথ্য; (c) আপনি যে অধিকার প্রয়োগ করতে চান; (d) আপনার পরিচয় বা আপনার আইনি প্রতিনিধির প্রমাণ; এবং (e) অন্য যেকোনও তথ্য, আইটেম বা নথি, যেগুলি আপনার ব্যক্তিগত ডেটা শনাক্ত করতে আমাদের সহায়তা করবে।

আপনার অনুরোধ প্রাপ্তি এবং আপনার পরিচয় যাচাইয়ের বিশ (20) দিন অথবা বা আইন দ্বারা অনুমোদিত যেকোনও দীর্ঘ সময়ের মধ্যে আমরা আপনার অনুরোধের জবাব দেব। আমরা আপনার সাথে নিম্নোক্ত কারণে যোগাযোগ করতে

পারি - (i) আপনার কাছ থেকে অতিরিক্ত তথ্যের অনুরোধ করটে, যদি আমরা আপনার ইমেল অনুরোধে প্রদান করা তথ্য থেকে আপনার পরিচয় যাচাই করতে না পারি; (ii) যে সময়সীমার মধ্যে আপনি আপনার অনুরোধের প্রতিক্রিয়া পাবেন তা আপনাকে জানাতে; (iii) আপনাকে কীভাবে আপনার অনুরোধ জমা দিতে হবে সে বিষয়ে নির্দেশনা প্রদান করতে, যার মধ্যে, যদি থাকে, সেই অনুযায়ী আপনার আবেদন জমা দেওয়ার জন্য আপনি যে ফর্মগুলি ব্যবহার করতে পারেন, সেগুলি অন্তর্ভুক্ত; এবং (iv) আপনার অনুরোধ করা তথ্য (যা সাধারণত নথি বা তথ্যের অনুলিপি হবে) আমরা আপনাকে কীভাবে সরবরাহ করব সে সম্পর্কে আপনাকে জানাতে।

ডেটা স্থানান্তর: এই গোপনীয়তা বিবৃতির বিভাগ 3-তে উল্লেখিত বিবরণ অনুযায়ী আমরা আপনার ব্যক্তিগত ডেটা স্থানান্তর করতে পারি। এই ধরনের স্থানান্তর সেইসব তৃতীয় পক্ষকে করা হয়, যারা আপনাকে, আমাদের সহযোগীদের অথবা সেইসব তৃতীয় পক্ষকে আমাদের পণ্য ও পরিষেবা প্রদানের জন্য প্রয়োজনীয়, যারা আপনার সাথে আমাদের আইনি সম্পর্কের অনুসারী বা আমাদের আইনি অধিকার রক্ষার ক্ষেত্রে আবশ্যক। এই গোপনীয়তা বিবৃতিতে চিহ্নিত উদ্দেশ্যের জন্য যদি এই ধরনের স্থানান্তর না হয়, তাহলে আমরা আপনার সম্মতি চাইব।

Australia

'ব্যক্তিগত তথ্য'কে *গোপনীয়তা আইন 1988* (Cth) (গোপনীয়তা আইন)-এ সংজ্ঞায়িত করা 'ব্যক্তিগত তথ্য' হিসেবে পড়া উচিত।

সংবেদনশীল তথ্য। আমরা শুধুমাত্র আপনার সম্মতিতে আপনার 'স্বাস্থ্য বা চিকিৎসা' সংক্রান্ত ব্যক্তিগত তথ্য সংগ্রহ করব (যেমনটা এই নীতির বিভাগ 1 এ উল্লেখ করা হয়েছে)।

বিপণন, অফার, প্রোমোশন, বিজ্ঞাপন অংশীদার। আমরা শুধুমাত্র আপনার সম্মতিতে আপনাকে বিপণন ও অফার এবং প্রোমোশন (যেমনটা এই নীতির বিভাগ 2 এ উল্লেখ করা হয়েছে) সরবরাহ করব। আমরা শুধুমাত্র সেইসব বিজ্ঞাপন অংশীদারদের আপনার ব্যক্তিগত তথ্য প্রদান করব, যারা আমাদের বিপণনে সহায়তা করে (যেমনটি এই নীতির বিভাগ 2 এ উল্লেখ করা হয়েছে), যেক্ষেত্রে আপনি আমাদের কাছ থেকে বিপণন সামগ্রী পেতে সম্মতি দিয়েছেন।

লক্ষ্যযুক্ত এবং তৃতীয় পক্ষের বিশ্লেষণ এবং বিজ্ঞাপন: আপনি যদি লক্ষ্যযুক্ত বিজ্ঞাপনের আকারে সরাসরি বিপণন পাওয়া বন্ধ করতে চান (যেমনটা এই নীতির বিভাগ 6-এ উল্লেখ করা হয়েছে), তাহলে আপনাকে আপনার সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টে, আপনার ব্রাউজারে বা আপনার Online Choices https://www.youronlinechoices.com/ie/your-ad-choices-এ গিয়ে বিজ্ঞাপন সংক্রান্ত সেটিংস পরিবর্তন করতে হতে পারে।

আপনার সম্পর্কে তথ্যতে অ্যাক্সেস এবং সংশোধন। আমরা আপনার সম্পর্কে যে ব্যক্তিগত তথ্য বজায় রাখি, তা অ্যাক্সেস করার অধিকার আপনার আছে এবং আপনি আমাদের সেই ব্যক্তিগত তথ্য সংশোধন করার অনুরোধ করতে পারেন। আপনি যদি বিশ্বাস করেন যে আমরা আপনার সম্পর্কে ভুল, অসম্পূর্ণ, অপ্রাসঙ্গিক বা বিভ্রান্তিকর তথ্য ধারণ করছি, তাহলে আপনি আমাদের তা সংশোধন করতে বলতে পারেন। আপনি যদি আপনার ব্যক্তিগত তথ্য অ্যাক্সেস করতে চান, বা এটি আপডেট বা সংশোধন করার জন্য আমাদের অনুরোধ করেন, তাহলে আপনি লিখিতভাবে আমাদের সাথে যোগাযোগ করে এবং আপনার পরিচয় যাচাই করে তা করতে পারেন। আমরা 30 দিনের মধ্যে আপনার

অনুরোধের প্রতিক্রিয়া জানাতে যথাসাধ্য চেষ্টা করব। আমরা শুধুমাত্র ব্যতিক্রমী পরিস্থিতিতে অ্যাক্সেস প্রত্যাখ্যান করব এবং যদি এমনটা করা হয়, তাহলে আমরা আপনাকে আমাদের কারণগুলি সম্পর্কে অবগত করব।

সুরক্ষা। যখনই আপনার ব্যক্তিগত তথ্য Australia-র বাইরে স্থানান্তর করা হবে, তখনই আমরা:

- নিশ্চিত করব যে, তৃতীয় পক্ষের তরফে ব্যক্তিগত তথ্যের প্রাপক এমন একটি অঞ্চলে অবস্থিত যেখানে আইন বা বাধ্যতামূলক নিয়ম রয়েছে, যেগুলি ব্যক্তিগত তথ্যকে এমনভাবে সুরক্ষিত করে, যা সামগ্রিকভাবে অন্ততপক্ষে যেভাবে গোপনীয়তা আইনের তফসিল 1-এর অস্ট্রেলিয়ান গোপনীয়তা নীতিগুলি এই ধরনের ব্যক্তিগত তথ্যকে সুরক্ষিত করে, তার যথেষ্ট অনুরূপ এবং এই ধরনের আইন বা বাধ্যতামূলক নিয়ম প্রয়োগ করার জন্য আপনার কাছে ব্যবস্থা রয়েছে; এবং/অথবা
- বিদেশী প্রাপক অস্ট্রেলিয়ান গোপনীয়তা নীতি লঙ্ঘন না করেন, তা নিশ্চিত করার জন্য যুক্তিসঙ্গত পদক্ষেপ নেব।

গোপনীয়তা সংক্রান্ত অভিযোগ। অস্ট্রেলিয়ান গোপনীয়তা নীতির সাথে আমাদের সম্মতি অথবা আপনার ব্যক্তিগত তথ্য অ্যাক্সেস বা সংশোধন করার অনুরোধ আমরা কীভাবে পরিচালনা করি, সে সম্পর্কে আপনার যদি অভিযোগ থাকে, তাহলে আপনি উপরের বিভাগ 11 "আমাদের সাথে যোগাযোগ করুন"-এর বিবরণ ব্যবহার করে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন। আমরা যুক্তিসঙ্গত সময়ের মধ্যে (সাধারণত 30 দিনের মধ্যে) আপনার অভিযোগের উত্তর দেওয়ার জন্য যুক্তিযুক্ত প্রচেষ্টা করব। আমরা যদি আপনার গোপনীয়তা সংক্রান্ত উদ্বেগগুলি সন্তোষজনকভাবে সমাধান করতে না পারি, তাহলে আপনি তাদের ওয়েবসাইট www.oaic.gov.au-এ অস্ট্রেলিয়ান তথ্য কমিশনারের অফিসে যোগাযোগ করতে পারেন।

Mainland China

আপনি যদি mainland China-এর বাসিন্দা হন, তাহলে নিম্নলিখিত অতিরিক্ত বিধানগুলি আপনার জন্য প্রযোজ্য।

ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকারী: আপনার ব্যক্তিগত তথ্যের ব্যক্তিগত তথ্য নিয়ন্ত্রক হল: উ ডি (সাংহাই) ইন্ডাস্ট্রিয়াল কোম্পানি লিমিটেড (Wu Di (Shanghai) Industrial Co., Ltd.)

ব্যক্তিগত তথ্য সংগ্রহ এবং ব্যবহার

বৈধতা, ন্যায্যতা, প্রয়োজনীয়তা এবং সরল বিশ্বাসের নীতি অনুসারে, আমরা আপনার তরফে আমাদের পরিষেবার ব্যবহার বা আমাদের সাইটগুলিতে আপনার ভিজিট থেকে উৎপন্ন তথ্য, আপনার নিজের উদ্যোগে দেওয়া তথ্য এবং PRC ব্যক্তিগত তথ্য সুরক্ষা আইন এবং অন্যান্য প্রযোজ্য আইন এবং প্রশাসনিক প্রবিধানের বিধান বা আপনার সম্মতি অনুসারে তৃতীয় পক্ষের কাছ থেকে আইনত সংগৃহীত ব্যক্তিগত তথ্য সংগ্রহ করব।

আমরা গোপনীয়তা বিবৃতিতে বর্ণিত উদ্দেশ্যগুলির জন্য প্রয়োজনীয় পরিমাণে সংবেদনশীল ব্যক্তিগত তথ্য সংগ্রহ এবং ব্যবহার করতে পারি। আমরা আপনার সংবেদনশীল ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণের জন্য আপনার পৃথক সম্মতি প্রাপ্ত করব এবং আপনার সংবেদনশীল ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণের সময় কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করব।

অন্যথায় আইন এবং প্রশাসনিক প্রবিধান দ্বারা নির্ধারিত না হলে, আমরা প্রক্রিয়াকরণের উদ্দেশ্যগুলি অর্জন করতে প্রয়োজনীয় স্বল্পতম সময়ের জন্য আপনার ব্যক্তিগত তথ্য সংরক্ষণ করব।

প্রক্রিয়াকরণের জন্য আইনি ভিত্তি

আমরা আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়া করার জন্য নিম্নলিখিত আইনি ভিত্তিগুলির মধ্যে অন্তত একটির উপর নির্ভর করি:

- আপনি আমাদের আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণে সম্মতি দিয়েছেন;
- আপনার সাথে একটি চুক্তি সম্পাদনের জন্য প্রক্রিয়াকরণ করা প্রয়োজন;
- আমাদের আইনি বাধ্যবাধকতা পূরণের জন্য প্রক্রিয়াকরণ করা প্রয়োজন;
- জনস্বাস্থ্যের জরুরী পরিস্থিতি মোকাবেলা করার জন্য বা গুরুতর মুহূর্তে সাধারণ মানুষের জীবন, স্বাস্থ্য এবং সম্পত্তির সুরক্ষার জন্য প্রক্রিয়াকরণ করা প্রয়োজন;
- আইনি বিধান অনুসারে, আপনার ব্যক্তিগত তথ্য যা আপনি প্রকাশ করেছেন বা যা আইনগতভাবে সর্বজনীন করা হয়েছে, তা একটি যুক্তিসঙ্গত সুযোগের মধ্যে প্রক্রিয়া করা হবে; বা
  আইন এবং প্রশাসনিক প্রবিধান দ্বারা নির্ধারিত অন্যান্য পরিস্থিতি।

শেয়ার করা, সরকারি প্রকাশ এবং আন্তঃসীমান্ত স্থানান্তর:

গোপনীয়তা বিবৃতিতে উল্লিখিত উদ্দেশ্যে, আমরা আপনার ব্যক্তিগত তথ্য নিম্নলিখিত সহযোগী এবং তৃতীয় পক্ষের সাথে শেয়ার করতে পারি, যাদের নিজস্ব উদ্দেশ্য এবং আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণের উপায় রয়েছে:

প্রাপক (আইনসম্মত সম্পূর্ণ নাম)	যোগাযোগের তথ্য	শেয়ার করা ব্যক্তিগত তথ্যের শ্রেণী	প্রাপকের প্রক্রিয়াকরণের উদ্দেশ্য এবং উপায়
上海光潾网络科技有限公司	阎阳:134-7877-2472	নাম, ঠিকানা, ফোন #	আমাদের SCRM সিস্টেম বিক্রেতার কাছে বিভিন্ন বিপণন প্রচারাভিযান থেকে সংগৃহীত আমাদের সেলস লিডদের সাথে যোগাযোগের অ্যাক্সেস রয়েছে
上海纳魄信息服务有限公司	সিউয়েন লৌ (Siwen Luo):180-5927-8773	নাম, ঠিকানা, ফোন #	আমাদের Baidu SEO/SEM বিক্রেতার কাছে আমাদের সাইটগুলিতে আমাদের সেলস লিডদের সাথে যোগাযোগের অ্যাক্সেস রয়েছে
上海月盈广告有限公司	শিজুয়ান এলভি (Sixuan Lv):137-6442-7420	নাম, ঠিকানা, ফোন #	আমাদের WeChat বিক্রেতার কাছে ব্যবহারকারীর অভিযোগ

			এবং গিফট শিপিং পরিচালনা করতে আমাদের ব্যবহারকারীর যোগাযোগের কিছু তথ্যে অ্যাক্সেস রয়েছে
上海八和广告有限公司	শেংঝেন লি (Chengzhen Li): 021-52950556	নাম, ঠিকানা, ফোন #	আমাদের ওয়েবসাইট বিক্রেতার কাছে আমাদের সাইটগুলিতে আমাদের সেলস লিডদের সাথে যোগাযোগের অ্যাক্সেস রয়েছে
上海注解有加文化传播有限公司	ডংলি লিউ (Dongli Lu): 131-2750-9389	নাম, ঠিকানা, ফোন #	নমুনা নেওয়ার জন্য আমাদের মিডিয়া এজেন্সির কাছে আমাদের কী ওপিনিয়ন লিডার এবং কী ওপিনিয়ন কনজিউমারের সাথে যোগাযোগের তথ্যের অ্যাক্সেস রয়েছে
长沙春朝冬遇文化传媒有限公司	শেংজিই ইয়াং (Shengjie yang): 131-4682-6763	নাম, ঠিকানা, ফোন #	টার্গেট মার্কেটিংয়ের জন্য আমাদের বিজ্ঞাপনী সংস্থার সেলস লিডদের সাথে যোগাযোগ সংক্রান্ত আমাদের অনুমোদিত তালিকার অ্যাক্সেস আছে
চায়না কনস্ট্রাকশন ব্যাঙ্ক (China Construction Bank)	অ্যালস্টন ঝং (Alston Zhong) 15821887028	নাম, ID নম্বর, ব্যাঙ্ক অ্যাকাউন্ট	কর্মচারীর ব্যাঙ্ক অ্যাকাউন্ট সেট আপ করতে এবং প্রতিদান খরচ প্রক্রিয়া করার জন্য আমাদের আর্থিক প্রতিষ্ঠানের কর্মচারীদের ডেটাতে অ্যাক্সেস রয়েছে।
চায়না মার্চেন্টস ব্যাঙ্ক (China Merchants Bank)	শি শেং কিউই (Shi Sheng Qi) 021-38834600		কর্মচারীর ব্যাঙ্ক অ্যাকাউন্ট সেট আপ করতে এবং প্রতিদান খরচ প্রক্রিয়া করার জন্য আমাদের আর্থিক প্রতিষ্ঠানের কর্মচারীদের ডেটাতে অ্যাক্সেস রয়েছে।

পরিবেশক [হ্যাপি গো (Happy go)]	আও শেন (Ao Chen) 185 7066 6244	নাম, ঠিকানা, ফোন নম্বর	প্রোমোশনের ক্ষেত্রে প্রয়োজন অনুসারে প্রচারাভিযান এবং লাকি ড্র কার্যকলাপ।
চায়না ইন্টারন্যাশনাল ইন্টেলেকটেক কর্পোরেশন (China International Intellectech Corporation)	টেলিফোন:0086-21-54594545-2227 মিস ইউয়ান (Ms Yuan)	নাম, যোগাযোগ, ঠিকানা, ID, শিক্ষা	কর্মসংস্থান
পিং অ্যান পেনশন ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড (Ping An Pension Insurance Co. Ltd.), Shanghai শাখা	টেলিফোন: 021-62487262 মিস হু (Ms Hu)	নাম, যোগাযোগ, ID, শিশুদের ID	চিকিৎসা বীমা
সাংহাই হোমসম ট্রাভেল (গ্রুপ) কোম্পানি লিমিটেড (Shanghai Homsom Travel (Group) Co., Ltd.)	টেলিফোন: 021-64475082 মিস হে (Ms He)	নাম, যোগাযোগ, ID,	ভ্রমণের বুকিং

আমরা সাধারণত আপনার ব্যক্তিগত তথ্য বাইরে কোথাও স্থানান্তর করি না। একীভূতকরণ, বিভাজন, বিলুপ্তি, দেউলিয়া হওয়া ইত্যাদি কারণে যদি আমাদের ব্যক্তিগত তথ্য স্থানান্তর করতে হয়, তাহলে আমরা আপনাকে প্রাপকের নাম এবং যোগাযোগের তথ্য জানাব, এবং একই সময়ে, আমরা চাইব প্রাপক যেন এই গোপনীয়তা বিবৃতি দ্বারা আবদ্ধ হন এবং সংশ্লিষ্ট বাধ্যবাধকতা এবং দায়িত্বগুলি গ্রহণ করেন। যদি প্রাপক মূল প্রক্রিয়াকরণের উদ্দেশ্য এবং পদ্ধতি পরিবর্তন করেন, তবে আইন এবং প্রবিধান অনুযায়ী এটির জন্য আবার আপনাকে সম্মতি দিতে হবে।

আপনার আইনানুগ সম্মতি ছাড়া আমরা আপনার ব্যক্তিগত তথ্য সর্বজনীনভাবে প্রকাশ করব না।

শিশুদের ব্যক্তিগত তথ্য সুরক্ষা

সাধারণত, আমরা 14 বছরের কম বয়সী নাবালকদের (অর্থাৎ, শিশুদের) ব্যক্তিগত তথ্য প্রক্রিয়া করব না। আমরা যদি জানতে পারি যে আমরা শিশুদের ব্যক্তিগত তথ্য তাদের পিতামাতা বা অন্যান্য অভিভাবকের পূর্বানুমতি ছাড়াই সংগ্রহ করেছি, তাহলে আমরা আমাদের ফাইল থেকে শিশুদের এই ধরনের ব্যক্তিগত তথ্য মুছে ফেলব।

আপনার অধিকার

আপনি কোম্পানিকে যে ব্যক্তিগত তথ্য প্রদান করেছেন সে সম্পর্কে আপনার নির্দিষ্ট আইনি অধিকার রয়েছে, যার মধ্যে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত:

- আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণের বিষয়ে জানার এবং সিদ্ধান্ত নেওয়ার অধিকার;
- আমাদের তরফে আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণ সীমাবদ্ধ বা প্রত্যাখ্যান করার অধিকার;
- আপনার ব্যক্তিগত তথ্যের ব্যাপারে পরামর্শ করার এবং তা নকল করার অধিকার;
- আপনার ব্যক্তিগত তথ্যে ভুল বা অসম্পূর্ণতা খুঁজে পেলে, তা সংশোধন বা সম্পূরণ করার জন্য আমাদের অনুরোধ করার অধিকার;
- আপনার সম্মতির উপর ভিত্তি করে হওয়া ব্যক্তিগত তথ্যের প্রক্রিয়াকরণ থেকে আপনার সম্মতি প্রত্যাহার করার অধিকার (কিন্তু অনুগ্রহ করে মনে রাখবেন যে আপনার সম্মতি প্রত্যাহার করা ব্যক্তিগত তথ্যের প্রক্রিয়াকরণের বৈধতাকে প্রভাবিত করে না, যা প্রত্যাহারের আগে আপনার সম্মতির ভিত্তিতে সম্পন্ন করা হয়েছে);
- আপনার মনোনীত তৃতীয় পক্ষের কাছে ব্যক্তিগত তথ্য স্থানান্তরের অনুরোধ করার অধিকার; এবং
- নির্দিষ্ট পরিস্থিতিতে আপনার ব্যক্তিগত তথ্য মুছে ফেলার অধিকার।

আপনি যদি উপরে আপনার অধিকার প্রয়োগ করতে চান, অনুগ্রহ করে আমাদের privacy@wd40.com-এ ইমেল করুন। অনুগ্রহ করে মনে রাখবেন যে উপরের অধিকারগুলি চীনা আইনের অধীনে সীমাবদ্ধতা এবং ব্যতিক্রম সাপেক্ষে প্রযোজ্য। যত তাড়াতাড়ি যুক্তিসঙ্গতভাবে ব্যবহারযোগ্য, আমরা তত তাড়াতাড়ি প্রযোজ্য চীনা আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ আপনার অনুরোধে(গুলিতে) সাড়া দেব এবং মেনে চলব। আপনার ব্যক্তিগত তথ্যের নিরাপত্তা রক্ষার জন্য, ব্যক্তিগত তথ্য অধিকারের ব্যাপারে আপনার অনুরোধে সাড়া দেওয়ার আগে, আপনাকে একটি লিখিত অনুরোধ প্রদান করতে হতে পারে, অথবা অন্যথায় আপনার পরিচয় প্রমাণ করতে হবে এবং আপনার অনুরোধ প্রক্রিয়া করার আগে আপনার পরিচয় যাচাই করার অধিকার আমাদের আছে। আপনার যদি কোনও উদ্বেগের মীমাংসা না করা হয়, তবে আপনার কাছে প্রাসঙ্গিক তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের কাছে অভিযোগ করার অধিকার রয়েছে বা যেখানে প্রযোজ্য, সেখানে প্রযোজ্য চীনা আইন অনুসারে আদালতে মামলা দায়ের করার অধিকার রয়েছে।